

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অপবিত্র অবস্থায় কি কুরআন পড়া জায়েয?

অপবিত্রতা দুই শ্রেণীরঃ ছোট অপবিত্রতা, যাতে উয়ু জরুরী হয় এবং বড় অপবিত্রতা, যাতে গোসল জরুরী হয়। ছোট অপবিত্র অবস্থায় থাকলে কুরআন স্পর্শ না করে মুখস্থ পড়া জায়েয। আর বড় অপবিত্র অবস্থায় কুরআন পড়া জায়েয নয়। অবশ্য এ অবস্থায় কুরআনী আয়াতের যিকর যেমন, "বিসমিল্লাহির রাহমানির রাহিম, ইন্না লিল্লাহি অইন্না ইলাইহি রাজিউন" ইত্যাদি পড়া যায়। ১১৫ (ইবনে উষাইমীন)

হযরত আলী (রঃ) বলেন, "বড় নাপাকির অবস্থা ছাড়া অন্যান্য অবস্থায় আল্লাহ্র রাসুল (সঃ) আমাদেরকে কুরআন পড়াতেন।" ১১৬ (আহমাদ ৬২৭, তিরমিয়ী ১৩১ নং, আলবাণীর নিকট হাদীসটি যয়ীফ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=89

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন